



চট্টগ্রামে নোটবই ছাড়া পাঠ্যপুস্তক বিক্রি হয় না

॥ মোস্তাক আহমদ ॥

চট্টগ্রাম, ১১ ফেব্রুয়ারী।— প্রাইমারী থেকে নিম্নমাধ্যমিক পর্যন্ত ক্লাসসমূহের জন্য নোটবই বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ হওয়া সত্ত্বেও চট্টগ্রাম শহরসহ আশপাশের জেলা-উপজেলাগুলোতে নোটবই প্রকাশ্যে বিক্রি হচ্ছে। এমনকি অধিকাংশ দোকানে নোটবই ছাড়া ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের কাছে কোন বইই বিক্রি করা হচ্ছে না। চট্টগ্রাম শহরের আন্দরকিল্লা ট্রাফিক মোড়ের দক্ষিণ দিকের ১১ বর্গ কিলোমিটার এলাকা বই বেচা-কেনার প্রধান বিপণী কেন্দ্র বলে সুপরিচিত। এখান থেকেই জেলার সর্বত্র বই সরবরাহ করা হয়ে থাকে। মফস্বলের একজন বই-এর দোকানদার জানানঃ "শহরের বড় বড় দোকানদাররা

আমাদের নিকট নোটবই ছাড়া বই বিক্রি করে না বলে বাধ্য হয়েই আমাদেরকেও সে একই পথ অনুসরণ করতে হয়।"

এ অবৈধ হয়রানির শিকারে পতিত হয়ে প্রাইমারী ও নিম্নমাধ্যমিক ক্লাসের অধিকাংশ ছাত্রই এখনো পাঠ্যবই ক্রয় করতে পারেনি। তাছাড়া অনেক দরিদ্র পরিবারের

ছেলে-মেয়েদের লেখাপড়ার পথ বন্ধ হবার উপক্রম হয়ে পড়েছে। অথচ আগামী এপ্রিল মাসের প্রথম সপ্তাহেই দেশব্যাপী স্কুলসমূহে প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বর্তমান বাজারে নোটসহ ৫ম শ্রেণীর বই ৭০ টাকা, ৬ষ্ঠ শ্রেণীর বই ১৫০, সপ্তম শ্রেণীর ২২০, অষ্টম শ্রেণীর ৩০০, বিজ্ঞান গ্রুপের নবম শ্রেণীর বই ৪৫০ টাকা এবং কলা বিভাগের বই-এর দাম ৪০০ টাকায় বিক্রি হচ্ছে।